গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

স্মারক নং- ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০৩.২৫- ৯৫৮

তারিখঃ ২৯/১২/২০২৫ খ্রিঃ

## ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ খাস জলমহালসমূহের ১৪৩৩ বাংলা সন হতে ১৪৩৫ বাংলা সনের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা বালিয়াডাঙ্গী উপজেলাধীন সকল নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতিকে জানানো যাচ্ছে যে, বালিয়াডাঙ্গী উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত ২১ (একুশ) টি বদ্ধ খাস জলাশয়সমূহ ১৪৩৩ বাংলা সনের পহেলা বৈশাখ হতে ১৪৩৫ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ ( তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে উল্লিখিত বিজ্ঞপ্তির তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | জলমহাল/পুকুরের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | দাগ নং | আয়তন (একরে) | বিগত ০৩(তিন) বছরের ইজারার মূল্য | ৫% বৃদ্ধিতে ০৩(তিন) বছরের সরকারী ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | সিংহাড়ী পুকুর | পাড়িয়া | দক্ষিণ পাড়িয়া | ৪০২১ | ১.৩৮ | ২১,৮০০/- | ২২,৮৯০/- |
| ০২ | হাট পুকুর | চাড়োল | দোগাছি | ১১৪৪১ | ১.৩৩ | ৬৭,০০০/- | ৭০,৩৫০/- |
| ০৩ | আলাইচন্ডী পুকুর | চাড়োল | খালিপুর | ১৬৩১ | ০.৬৩ | ২১,০০০/- | ২২,০৫০/- |
| ০৪ | নয়াদিঘী পুকুর | চাড়োল | চাড়োল | ৪২৭১ | ১.৩৩ | ১৫,৪০০/- | ১৬,১৭০/- |
| ০৫ | দলুয়া পুকুর | বড়পলাশবাড়ী | বড়পলাশবাড়ী | ১৪৬৪৪<br>১৪৬৫০ | ২.০৭<br>০.০৭<br>২.১৪ | ১৫,৭০০/- | ১৬,৪৮৫/- |
| ০৬ | সোপড়া খাল | বড়পলাশবাড়ী | সোপড়া | ১৬৪ | ০.৬৯ | ৩,১০০/- | ৩,২৫৫/- |
| ০৭ | নিশিকুড়া পুকুর | দুওসুও | মাধবপুর | ১৯৮ | ০.১৭ | ২,৭০০/- | ২,৮৩৫/- |
| ০৮ | নিরাশি পুকুর | দুওসুও | মহিষমারী | ১৪২৫ | ০.৭৩ | ১২,০০০/- | ১২,৬০০/- |
| ০৯ | জোত্রা পুকুর | দুওসুও | মহিষমারী | ৪৭৪ | ১.৬৬ | ৪,৯৫,০০০/- | ৫,১৯,৭৫০/- |
| ১০ | বাঘমারী পুকুর | দুওসুও | মহিষমারী | ৪২৬১ | ০.১৩ | ২,৭০০/- | ২,৮৩৫/- |
| ১১ | সৌলা পুকুর | দুওসুও | মহিষমারী | ৪২৬১ | ১.১২ | ২৮,৮০০/- | ৩০,২৪০/- |
| ১২ | আংড়া পুকুর | দুওসুও | দোহসই | ১১৫০১ | ০.৬৬ | ২,৮০০/- | ২,৯৪০/- |
| ১৩ | সাধুবান্দা পুকুর | দুওসুও | দোহসই | ১২১০৬ | ৬.৬৩ | ৮৭,৫০০/- | ৯১,৮৭৫/- |
| ১৪ | ঝলঝলি পুকুর | দুওসুও | লালাপুর | ৯২১ | ১.৮৬ | ২১,৫০০/- | ২২,৫৭৫/- |
| ১৫ | বারঢালী পুকুর | দুওসুও | লালাপুর | ৮১৮৯ | ০.১৭ | ২,৭০০/- | ২,৮৩৫/- |
| ১৬ | ধনি পুকুর | ভানোর | কলন্দা | ৪৪১৯ | ০.১৮ | ৪,৮০০/- | ৫,০৪০/- |
| ১৭ | করিয়া পুকুর | ভানোর | কলন্দা | ৪৩৭৮ | ০.২৪ | ৪,২০০/- | ৪,৪১০/- |
| ১৮ | সাপটি পুকুর | ভানোর | ভানোর | ৬৮৩৫ | ১.৮১ | ৩৩,৩০০/- | ৩৪,৯৬৫/- |
| ১৯ | হাড়ীকুড়া পুকুর | ভানোর | কলন্দা | ৭৯৩১ | ১.০৬ | ১১,৫০০/- | ১২,০৭৫/- |
| ২০ | টেকিয়া পুকুর | আমজানখোর | উদয়পুর | ১০২২৯ | ২.৫৫ | ২৮,৩০০/- | ২৯,৭১৫/- |
| ২১ | আধারদিঘী | বড়বাড়ী | বড়কোট | ২৯৩ | ৬.০২ | ৯৯,১০০/- | ১,০৪,০৫৫/- |

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:

| ক্রমিক নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান । |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে আবেদন দাখিল । |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল । |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই- বাছাই । |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। । |
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫ (পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন । |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ । |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারা গৃহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন । |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া । |

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২. অনলাইনে আবেদনসমূহ ০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মূলকপি সীলগালাকৃত খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলামহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

অঞ্জন কুমার দাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

শর্তাবলী :

১। নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রনালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ হতে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (১৫/০১/২০২৬ হতে ২৯/০১/২০২৬ খ্রি.) পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে এবং জলমহাল ইজারার আবেদনপত্র নির্ধারিত মূল্যে (৫০০/- (পাঁচশত টাকা) অফেরৎযোগ্য নগদ) উল্লেখিত সময়ের মধ্যে উপজেলা ভূমি অফিস, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও হতে ক্রয় করা যাবে।

২। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহাল/পুকুরের ইজারামূল্য বিগত ০৩(তিন) বছরের গড় ইজারামূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন।

৪। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ), নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৫। প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারার অংশ গ্রহণ করতে পারবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল/পুকুর বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। আবেদনকারী মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃপক্ষ প্রত্যয়নপত্র আবেদনপত্রের সংঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজ্য হবে না।

৭। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের নিকটবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি জলমহাল/পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৮। লীজগ্রহীতা কোন মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাবলীজ অথবা কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকেন তা হলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহিতা মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি পরবর্তী বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

৯। দরদাতাকে জলমহাল ইজারায় অংশগ্রহনের পূর্বে জলমহাল/পুকুর সরেজমিনে দেখে নিশ্চিত হয়ে জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে হবে।

১০। কোন মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি ০২ (দুই) টির অধিক জলমহাল/পুকুর ইজারা পাবেন না।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% 'সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি', বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩। সরকারি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি কে ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনার রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৫। যে সকল মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি পূর্বের ইজারা মূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হয়েছে ঐ সকল মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না। আবেদন করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

অঞ্জন কুমার দাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

ক নং- - ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০৩.২৫ - ৯৪৮(১৬)

পি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখঃ ২৯/১২/২০২৫ খ্রিঃ।

জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রনালয় (সিনিয়র সচিব, ভূমি মন্ত্রনালয় এঁর সদয় অবগতির জন্য)
প্রশাসক, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও
উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/রানীশংকৈল/পীরগঞ্জ/হরিপুর, ঠাকুরগাঁও
কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
সহকারী কমিশনার (ভূমি), ঠাকুরগাঁও সদর/রানীশংকৈল/পীরগঞ্জ/হরিপুর, ঠাকুরগাঁও
উপজেলা...........................................অফিসার (সকল), বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও
অফিসার ইনচার্জ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
সম্পাদক, দৈনিক ..........জনকণ্ঠ.................................................। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো
ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.......................................ইউনিয়ন ভূমি অফিস, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। তাকে তার এলাকায় হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
চেয়ারম্যান...........................................ইউনিয়ন পরিষদ (সকল), বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
জনাব.........................................................................................................
অফিস কপি

২৯/১২/২০২৫
মোঃ আহসান উল হক
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।